



মুচলেকা দিয়ে মুক্তি পেলেন নারায়ণগঞ্জের এমপিপুত্র সজীব



খায়রুল ইসলাম সজীব। ছবি: সংগৃহীত

চাঁদাবাজির অভিযোগে আটক নারায়ণগঞ্জ-৩ আসনের সংসদ সদস্য আজহারুল ইসলাম মান্নানের ছেলে খাইরুল ইসলাম সজীবকে মুচলেকা নিয়ে ছেড়ে দিয়েছে পুলিশ। সোমবার (২২ জুন) তাকে মুক্তি দেওয়া হয়।

এর আগে শনিবার (২১ জুন) দুপুরে রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকা থেকে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) সহযোগিতায় তাকে হেফাজতে নেয় নারায়ণগঞ্জ জেলা পুলিশ। পরে বিকালে তাকে জেলা পুলিশ সুপারের কার্যালয়ে নিয়ে যাওয়া হয় এবং পরবর্তীতে ডিবির কাছে হস্তান্তর করা হয়।

বিষয়টি নিশ্চিত করেন নারায়ণগঞ্জ জেলার অতিরিক্ত পুলিশ সুপার (অপরাধ ও অপারেশন) তারেক আল মেহেদী। তিনি বলেন, তার বিরুদ্ধে চাঁদাবাজিসহ একাধিক অভিযোগ রয়েছে। এসব অভিযোগের ভিত্তিতেই তাকে জিজ্ঞাসাবাদের জন্য হেফাজতে নেওয়া হয়।

ঢাকা মহানগর পুলিশের গোয়েন্দা (ডিবি) প্রধান শফিকুল ইসলাম বলেন, সজীবের বিরুদ্ধে একাধিক অভিযোগ রয়েছে। সেসব বিষয়ে তাকে জিজ্ঞাসাবাদ করা হয়েছে। পুলিশ সূত্রে জানা যায়, পরবর্তী সময়ে জিজ্ঞাসাবাদ শেষে তাকে মুচলেকা নিয়ে ছেড়ে দেওয়া হয়।

এদিকে ঘটনার পরপরই সংগঠনের শৃঙ্খলাভঙ্গ ও চাঁদাবাজির অভিযোগে খাইরুল ইসলাম সজীবকে প্রাথমিক সদস্যপদসহ দল থেকে বহিষ্কার করে কেন্দ্রীয় যুবদল। বিজ্ঞপ্তিতে বলা হয়, তার কোনো অপকর্মের দায় দল বহন করবে না এবং তার সঙ্গে সাংগঠনিক সম্পর্ক না রাখার নির্দেশ দেওয়া হয়েছে।